ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-১১৭৬
অমরপুর, ১৩ জুন, ২০২৫

**আন্তর্জাতিক যোগা দিবস ঃ অমরপুরে প্রস্তুতি সভা**

রাজ্যের অন্যান্য অংশের মত অমরপুর মহকুমায়ও ২১ জুন আন্তর্জাতিক যোগা দিবস উদযাপন করা হবে। এই অনুষ্ঠান সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে আজ মহকুমা শাসকের সভাগৃহে বিধায়ক রঞ্জিত দাসের সভাপতিত্বে প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। সভায় অমরপুর নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন বিকাশ সাহা, অমরপুর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান সুচিত্রা দাস, ভাইস চেয়ারম্যান শঙ্করানন্দ সাহা, মহকুমা শাসক অনুপম চক্রবর্তী, অমরপুরের বিডিও উৎপল দাস এবং বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ উপস্থিত ছিলেন। বৈঠকে সিদ্ধান্ত হয়েছে ২১ জুন সকাল ৭টায় অমরপুরের চন্ডিবাড়ি মাঠে মহকুমা ভিত্তিক যোগা দিবস উদযাপন করা হবে। এতে শহর এলাকার বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রী, ক্লাব, স্বেচ্ছাসেবী সংস্থার সদস্যগণ অংশগ্রহণ করবে। এই অনুষ্ঠান যাতে সুষ্ঠুভাবে সম্পন্ন হয় সেজন্য বিধায়ক রঞ্জিত দাসকে চেয়ারম্যান এবং যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের সহ অধিকর্তা ঋতেশ শীলকে আহ্বায়ক করে একটি মূল কমিটি এবং ৩টি উপ কমিটি গঠন করা হয়েছে।

*******